

Upload

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট  
গাজীপুর-১৭০১

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০০৪.২৪.১৬৯৮

তারিখ: ১০-১১-২০২৪

**বিষয়ঃ ড. মোছা: শাহনাজ পারভীন BARIO417, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুরকে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক চাকরি হতে "বরখাস্ত" গুরুদত্ত প্রদানের নিমিত্ত একই প্রবিধানমালার ৫২ (৬) উপ-প্রবিধি মোতাবেক ২য় কারণ দর্শানোর নোটিশ।**

যেহেতু আপনি ড. মোছা: শাহনাজ পারভীন BARIO417, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুর ১১-১০-২০২২ তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং ড. মোছা : শাহনাজ পারভীন BARIO417, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে চিকিৎসার উদ্দেশ্যে ভারত ভ্রমণের নিমিত্ত কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১২.০০.০০০০.০৬২.০৮.০০৫.১৯.২১২ তারিখঃ ১৬-০৫-২০২২ মোতাবেক ০৮-০৫-২০২২ হতে ০৭-০৭-২০২২ তারিখ পর্যন্ত ৬১ দিন বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয় এবং পুনরায় আপনার আবেদনের প্রেক্ষিতে স্মারক নং-১২.০০.০০০০.০৬২.০৮.০০৫.১৯.৩৩৭ তারিখঃ ১৯-০৭-২০২২ মোতাবেক ০৮-০৭-২০২২ হতে ০৩-০৮-২০২২ তারিখ পর্যন্ত ২৮ দিন ও স্মারক নং-১২.০০.০০০০.০৬২.০৮.০০৫.১৯-৩৯৩ তারিখঃ ২৫-০৮-২০২২ মোতাবেক ০৪-০৮-২০২২ হতে ১০-১০-২০২২ তারিখ পর্যন্ত ৬৮ দিন বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। কিন্তু আপনি বহিঃবাংলাদেশ ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে ১১-১০-২০২২ তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় ইনস্টিটিউটের স্মারক নং-১২.০০.০০০০.০২৯.৯৯.০০১.১৮.৫২৫ তারিখঃ ০৪-০১-২০২৩ এবং স্মারক নং-১২.০০.০০০০.০২৯. ৯৯.০০১.১৮.৫৫৯ তারিখঃ ৩১-০১-২০২৩ মোতাবেক কর্মস্থলে যোগদানের জন্য পত্র প্রেরণ করা হয়। সে প্রেক্ষিতে আপনি কর্মস্থলে যোগদান না করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অননুমোদিতভাবে ১১-১০-২০২২ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক "অসদাচরণ ও পলায়নের" অভিযোগে অভিযুক্ত করে ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০০৪.২৪.৫৬৪৫ তারিখ: ৩০-০৬-২০২৪ মোতাবেক বিভাগীয় মামলা রুজুকরতঃ অভিযোগনামা (১ম কারণ দর্শানো নোটিশ) ও অভিযোগ বিবরণী জারী করা হয়;

যেহেতু আপনার বিরুদ্ধে জারিকৃত ১ম কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে আপনি কোনরূপ জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের সাথে কোনরূপ যোগাযোগ রক্ষা না করায় রুজুকৃত বিভাগীয় মামলার পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ইনস্টিটিউটের স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০০৪.২৪.৮৭৬; তারিখ: ১৮-০৯-২০২৪ মোতাবেক ড. মো. আবুল খায়ের মিয়া BARIO183, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, কৃষিতত্ত্ব বিভাগ, বারি, গাজীপুরকে সভাপতি করে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৮ (খ) ও (গ) উপ প্রবিধি মোতাবেক "অসদাচরণ ও পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হয়েছে সেহেতু উক্ত প্রবিধানমালার ৪৯ এর ১ (খ) (উ) উপ-প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে "বরখাস্ত" করা হবে না অথবা অন্য কোন গুরুদত্ত প্রদান করা হবে না এ বিষয়ে নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাতে নির্দেশ দেয়া হলো।

সংযুক্তঃ তদন্ত প্রতিবেদন।

স্বাক্ষরিত/-

(ড. মো. আব্দুল্লাহ ইউছুফ আখন্দ)

মহাপরিচালক

ফোনঃ ০২-৪৯২৭০০০০

প্রাপকঃ

রেজি./এডিঃ

ড. মোছা: শাহনাজ পারভীন BARIO417

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা

উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুর।

স্মারক নং-১২.২১.০০০০.০০৫.২৭.০০৪.২৪.১৬৯৮

অনুলিপিঃ-

- ১। পরিচালক (গবেষণা/সেবা ও সরবরাহ/প্রশিক্ষণ ও যোগাযোগ/পরিকল্পনা ও মূল্যায়ন), বারি, গাজীপুর
- ২। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বারি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুর, বারি, গাজীপুর
- ৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বারি, গাজীপুর
- ৫। ড. মোছা: শাহনাজ পারভীন BARIO417, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ, বারি, গাজীপুর
- ৬। ড. মোছা: শাহনাজ পারভীন, পিতা-মো: রফিক উদ্দিন সরকার, গ্রাম-সরকার পাড়া, ডাকঘর-বুড়াবুড়ী, থানাঃ তেতুলিয়া, জেলাঃ পঞ্চগড়
- ৭। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বারি, গাজীপুর
- ৮। এসিআর সেল/কম্পিউটার সেল
- ৯। ব্যক্তিগত নথি/মাস্টার ফাইল/সংশ্লিষ্ট নথি।

তারিখ: ১০-১১-২০২৪

(মোঃ মিজানুর রহমান খন্দকার)  
উপ-পরিচালক (প্রশাসন)  
মহাপরিচালকের পক্ষে  
ফোনঃ ৪৯২৭০০১০/৫৩০৬